আলমডাঙ্গার মোল্লা গ্রুপের চেয়ারম্যান ব্যবসায়ী সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা

দেশের শীর্ষ ব্যবসায়ী সংগঠন এফবিসিসিআই নির্বাচনে পরিচালক পদে বিপুল ভোটে বিজয়ী আলমডাঙ্গার বন্ডবিল গ্রামের কৃতি সন্তান দেশের বিশিষ্ট ব্যবসায়ী মোল্লা গ্রুপের চেয়ারম্যান সহিদুল হক মোল্লা শিপলেনকে বন্ডবিল গ্রামের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ সোমবার বিকেলে বন্ডবিল গ্রামে এ সংবর্ধনার আয়োজন করা হয়। এর পূর্বে সহিদুল হক মোল্লাকে মোটর সাইকেল শোভাযাত্রার মাধ্যমে সংবর্ধনা সভায় নিয়ে আসা হয়। পরে তাকে ফুলেল শুভেচ্ছায় শিক্ত করেন গ্রামবাসী।

সংবর্ধনা সভায় প্রধান অতিথির বত্তব্যে শহিদুল হক মোল্লা বলেন, এফবিসিসিআই সংগঠনটি বাংলাদেশের সবচেয়ে শীর্ষ ব্যবসায়ী সংগঠন।এ সংগঠনের একজন পরিচালক হিসেবে বিজয় অত্যন্ত কঠিন একটা কাজ। দেশের বড় বড় ব্যবসায়ী সংগঠনের ভোটের মাধ্যমে বিজয় অর্জন করতে হয়। এফবিসিসিআই এর ভোট ইন্টার ন্যাশনাল ভোট, সংসদে যেমন ৩০০ আসনে ভোট হয়, এফবিসিসি আই এর সভাপতিসহ ৮০ জন। ৩৩ জন এসোসিয়েশন,২৩ জন চেম্বার আর ডিরেক্ট কিছু আসে। যাহোক আপনাদের সকলের দোয়ায় আমি নির্বাচনে বিজয়ী হয়েছি। এই বিজয়, আলমডাঙ্গার মানুষের বিজয়,এটা বন্ডবিল গ্রামের মানুষের গর্বের বিষয়।

তিনি বলেন,মন্ত্রী এমপিদের মততো আমাদের সুযোগ নেই,তবে আমরা দেশের জন্য কাজ করবো। দেশের বাইরে থেকে আমরা বিনিয়োগ নিয়ে আসবো। ইতপূর্বে আমরা দেশের জন্য সাড়ে ৯:হাজার কোটি টাকার হালাল খাদ্য নিয়ে এসেছিলাম।

তিনি আরও বলেন,আমরা মুজিব বর্ষ উপলক্ষে আলমডাঙ্গা উপজেলায় কয়েকটি ঘর নির্মাণ করে দিয়েছি,আমাদের বন্ডবিল গ্রামে যদি কারো ঘর না থাকে আমার মেজো ভাইয়ের সাথে যোগাযোগ করলে আমরা করে দিবো। এছাড়াও গ্রামের মানুষের সহযোগিতায় আমাদের হাত প্রসারিত থাকবে।

সালাউদ্দিন পিনটুল মোল্লার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক

সহ-সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী শিপলেন মোল্লার মেজো ভাই লিয়াকত আলী লিপু মোল্লা।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন ছোট ভাই আমিনুল হক অপু মোল্লা, ভাতিজা টিংকু মোল্লা, স্বজল মোল্লা, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম। সাবেক কাউন্সিলর মামুন আর রশিদ হাসানের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন স্কুল শিক্ষক বাবু, শফি উদ্দিন মোল্লা, পারভেজ হোসেন, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শহিদ মোল্লা, সাধারণ সম্পাদক শাফায়েতুল ইসলাম, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা সৈয়দ আলী, মসজিদের খতিব হাজি হানেফ আলী।

এদিকে, আলমডাঙ্গায় ৮৯ ব্যাচ বন্ধু সংগঠনের পক্ষ থেকে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই’র পরিচালক পদে বিজয়ী আলমডাঙ্গার কৃতি সন্তান সহিদুল হক মোল্লাকে সংবর্ধনা প্রদান করেন।

দামুড়হুদায় বিভাগীয় রোড মার্চ সফল করতে পথসভা ও লিফলেট বিতরণ

দামুড়হুদা উপজেলা বিএনপির উদ্যোগে খুলনায় বিভাগীয় রোড মার্চ সফল করতে পথসভা ও লিফলেট বিতরণ কর্মসূচি পালন করা হয়েছে।

কেন্দ্রীয় কর্মসূচি’র অংশ হিসাবে অবৈধ,ফ্যাসিষ্ট শেখ হাসিনার সরকারের পদত্যাগ ও তত্বাবধায়ক সরকারের দাবী প্রতিষ্ঠার লক্ষে খুলনা বিভাগীয় রোড মার্চকে সফল করতে সকল পর্যায়ের নেতাকর্মীদের উপস্থিতিতে সর্বসাধারণের মধ্যে মাঝে লিফলেট বিতরণের করা হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মো: মনিরুজ্জামান মনির ও সাধারণ সম্পাদক মো: রফিকুল হাসান তনু’র নেতৃত্বে লিফলেট বিতরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা দলের সভানেত্রী ও জেলা বিএনপির সদস্য ছালমা জাহান পারুল,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম,বিএনপির অন্যতম নেতা জহিরুল

ইসলাম রিপন,উপজেলা যুবদলের যুগ্ম আহব্বায়ক আরিফুল ইসলাম আরিফ,উপজেলা ছাত্রদলের আহব্বায়ক আফজালুল রহমান সবুজ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনায় বেগমপুরে ৫০লিটার মদসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা ও হিজলগাড়ী ক্যাম্প পুলিশের যৌথ অভিযানে ৫০ লিটার চোলাই মদ, পাখি ভ্যানসহ ১ জনকে গ্রেফতার করেছে।

গতকাল রবিবার রাত সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মোঃ নিরব হোসেনের নেতৃত্বে হিজলগাড়ী পুলিশ ক্যাম্পের এসআই(নিঃ) শেখ রকিবুল ইসলাম সঙ্গীয় অফিসার-ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার বেগমপুর ডিহি ফার্মের পাশে রাস্তার উপর হতে বলদিয়া গ্রামের বিশ্বাস পাড়ার নিমাই মন্ডলের ছেলে মোঃ দায়েম (৬০)কে ৫০ লিটার চোলাই মদ ও মাদক বহনকারী একটি পাখি ভ্যানসহ হাতেনাতে গ্রেফতার করে।গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে।

বলদিয়া গ্রামবাসি জানায়, পুলিশের চোখ ফাকি দিয়ে ডিহি ফার্মের পিছনের বাগানে একটি চক্র নিয়মিত জুয়া ও মদের আড্ডা বসে।আর সেখানেই এই মদ বেচাকেনা হয় বলে এলাকাবাসি জানায়। আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গায় ভোক্তা অধিকারের

অভিযান; দুটি হোটেলে জরিমানা

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়েছে। সোমবার দুপুরের পৌর এলাকার হাউসপুর দুটি হেটেলে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরী ও বিক্রির অভিযোগে ওই দুটি হোটেলে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা গেছে,চুয়াডাঙ্গার ভোক্তা অধকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে আলমডাঙ্গার হাউসপুরে দুটি হোটেলে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানে নোংরা ও অন্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরী ও বিক্রির অভিযোগে ২০০৯এর ৩৮/৪৩ ধারায মেসার্স মন্ডল মিষ্টান্ন ভান্ডারে ৫ হাজার ও মেসার্স মহুয়া মিষ্টান্ন ভান্ডারে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ অভিযানের সহযোগিতায় ছিলেন আলমডাঙ্গা থানার এসআই মেজবাসহ একদল পুলিশ ফোর্স।

দামুড়হুদায় ব্যাস্ত সময় পার করছেন প্রতিমা কারিগররা

শারদীয় দুর্গাপূজা হিন্দু ধর্মাবলম্বীর সর্ব বৃহত্তম ধর্মীয় উৎসব। মূল আনুষ্ঠানিকতা শুরু হতে এখনও ২৫ দিন বাকী থাকলেও হিন্দু ধর্মাবলম্বীদের দরজায় কড়া নাড়ছে দেবী-দুর্গার আগমনী বার্তা। ইতোমধ্যেই দামুড়হুদা উপজেলায় প্রস্তুতি শুরু হয়েছে।
বিশেষ করে দুর্গা প্রতিমা তৈরির কারিগররা ব্যস্ত সময় পার করছে। মণ্ডপের সাজসজ্জাসহ সার্বিক প্রস্তুতি দ্রুত এগিয়ে নিচ্ছেন আয়োজক ও পূজা উদযাপন কমিটি।

আগামী ২০ অক্টোবর থেকে শুরু হবে পূজার মূল আনুষ্ঠানিকতা। দামুড়হুদা উপজেলায় এবছরে ২২টি মণ্ডপে দুর্গা প্রতিমা বসবে। তারই সাজসজ্জায় ব্যস্ত আয়োজকরা। শারদীয় উৎসব সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে বলে জানিয়েছেন পূজা

উদযাপন সম্মেলন কমিটির নেতারা।

সরেজমিনে গিয়ে দেখা যায়,কারিগররা কাদা-মাটি, খড়-কাঠ সংগ্রহ থেকে শুরু করে, প্রতিমা তৈরিতে ব্যস্ত হয়ে পড়েছেন। সকাল থেকে রাত অবধি চলছে এই কার্যক্রম।এখন শারদীয় দুর্গোৎসবে মেতে ওঠার অপেক্ষায় হিন্দু ধর্মাবলম্বীরা। এ উৎসবকে ঘিরে উপজেলায় হিন্দু সম্প্রদায়ের লোকজনের মাঝে দেখা দিয়েছে কর্ম ব্যস্ততা। দিন রাত কাজ করে শিল্পীদের হাতের নিপুণ ছোঁয়ায় তৈরি হচ্ছে প্রতিমা। যেন দম ফেলার সময় নেই কারিগরদের। তবে রং, তুলির ও সাজসজ্জার দাম বেশি হওয়া ও প্রতিমা বানানোর মজুরি কম পাওয়ায় চাপা ক্ষোভ বিরাজ করছে তাদের মধ্যে।

প্রতিমা শিল্পী শ্রী কৃষ্ণ গৌস্বামী বলেন,আমি ২৬ বছর যাবত প্রতিমা বানায়। দুর্গা প্রতিমা ছাড়াও সকল ধরনের প্রতিমা বানিয়ে থাকি এইবার আমি পাঁচ টা প্রতিমার কাজ করতেছি। ৪০ হাজার থেকে ৫০ হাজার টাকায় কন্টাক্টে, আমার সাথে তিন জন হেলপার আছে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন সম্মেলন কমিটির আহ্বায়ক উত্তম রঞ্জন দেবনাথ বলেন, এবার অনেক বড় করে পূজা করা হচ্ছে। মহাভারতের কিছু দৃশ্য রাখা হচ্ছে। সব মিলিয়ে দামুড়হুদা উপজেলায় মোট ২২টি প্রতিমা গড়া হচ্ছে।
দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন সম্মেলন কমিটির সদস্য সচিব সঞ্জয় হালদার জানান, এ বছর অনেক সাড়ম্বরে পূজা উদযাপন করা হবে। মূর্তি গড়ার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। কিছুদিন পর থেকেই রংয়ের কাজ শুরু হবে। দশভূজা দেবী দুর্গা এবার আসছেন ঘোড়ায় চড়ে। আর ফিরে যাবেন নৌকায়। পূজাকে কেন্দ্র করে তাই সর্বত্রই চলছে সাজ সাজ রব। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির বলেন, প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সর্বাত্মক সহযোগিতা করা হবে, পুজায় আগত দর্শনার্থীদের ভিড় এড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, পুলিশের টহল জোরদার করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে অনুরোধ, সহ ইভটিজিং ও নারীদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হবে।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন, প্রতিমা তৈরির স্থানসমুহ এবং পূজা মন্ডপ গুলোতে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কোন ধরনের অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সে লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। ধর্মীয় ভাব-গাম্ভীর্যের

সাথে সুষ্ঠুভাবে যেন পূজা উদযাপিত হয় সে লক্ষে জনপ্রতিনিধি সহ সর্বসাধারণের সহযোগিতা কামনা করছি।

দামুড়হুদায় সরকারি জমির মাটি কেটে বিল্ডিংয়ের খোল ভরাট

দামুড়হুদা-জীবননগর আঞ্চলিক মহাসড়কের পাশে সওজের জায়গার মাটি কেটে নির্মাণাধীন বিল্ডিংয়ের খোল ভরাট করার অভিযোগ উঠেছে সরকারি হাই স্কুলের শিক্ষক আমিনুল ইসলামের বিরুদ্ধে।

সওজের ওই জায়গাতে রয়েছে বিদ্যুৎ বিভাগের ১১হাজার ভোল্টের সংযোগের খুটি। আর ওই খুটির নিচ থেকে ভেকু মেশিন যোগে মাটি-বালু কেটে নির্মাণাধীন বিল্ডিংয়ের খোল ভরার করছেন ওই শিক্ষক। বিদ্যুতিক ওই খুটির নিচের মাটি কেটে নেওয়ার ফলে যে কোনো সময় দূর্ঘটনা ঘটতে পারে বলে আশঙ্কা করছেন স্থানীয়রা। সরকারি স্কুলের শিক্ষক হয়েও তিনি কিভাবে সরকারি জায়গার মাটি-বালু কেটে ব্যক্তিগত নির্মাণাধীন বিল্ডিংয়ের খোল ভরাট করছেন তা নিয়ে রয়েছে নানা রকম প্রশ্ন।

জানাগেছে, দামুড়হুদা-জীবননগর আঞ্চলিক মহাসড়কের পাশে সেরা ব্রিক্স সংলগ্ন সওজের জায়গার মাটি-বালু কেটে ব্যক্তিগত নির্মাণাধীন বিল্ডিংয়ের খোল ভরার করার অভিযোগ উঠেছে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক আমিনুল ইসলামের বিরুদ্ধে।

তিনি গত কয়েকদিন যাবত ইঞ্জিন চালিত ভেকু মেশিন দিয়ে বেশ তোড়জোড় করে সরকারি সম্পত্তির মাটি-বালু উত্তোলন করে আসছেন। আর সেই মাটি বালু দিয়ে নির্মাণাধীন বিল্ডিংয়ের খোল ভরার করছে। আঞ্চলিক ওই মহাসড়কের পাশ দিয়ে দামুড়হুদার অভিমুখ থেকে বয়ে চল জয়রামপুর মুখি বিদ্যুৎ বিভাগের ১১হাজার ভোল্টেজের বিদ্যুৎ সংযোগের তার টানা খুটি রয়েছে। আর ওই বিদ্যুতিক খুটির নিচ থেকে এমন ভাবে মাটি-বালু উত্তোলন করা হয়েছে, তা যেকোনো সময় হেলে পড়ে বিদ্যুৎ বিপর্যয় সহ বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন সচেতন মহল। এছাড়াও, ওই শিক্ষক তার ব্যক্তিগত নির্মাণাধীন বিল্ডিংয়ের ইট, বালু ও ইটের

খোয়া রেখেছে আঞ্চলিক মহাসড়কের কোল ঘেষে। যার ফলেও ঘটতে পারে দূর্ঘটনা। এদিকে, সরকারি হাইস্কুলের ওই শিক্ষকের এমন কর্মকাণ্ডে হতবাক পথচলা সহ স্থানীয়রা।

এ বিষয়ে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের সহকারী শিক্ষক মো আমিনুল ইসলামের সাথে তার ব্যবহিৃত মোবাইল ০১৭১২৪৭৭২২৯নাম্বারে একাধিকবার কল দেয়া হলেও তিনি ফোন রিসিভ করেনি। তাই তার বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

এবিষয়ে দামুড়হুদা পল্লী বিদ্যুৎ অভিযোগ কেন্দ্রের লাইনম্যান মেহেদী হাসান বলেন, বিষয়টি আমাদের জানানেই। যদি কেউ পল্লী বিদ্যুতের পোল/খুটির নিচ থেকে মাটি কেটে বিদ্যুৎ লাইনের সংযোগ বিচ্ছিন ও ক্ষতি করার চেষ্টা করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা বলেন, বিষয়টি আমার জানানেই। তবে আইন সবার জন্য সমান। যদি তিনি অপরাধ করে থাকেন তবে তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য হিসেবে নৌকায় মনোনয়ন প্রত্যাশি চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ করা হয়। এ সময় তিনি উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য

আবারো নৌকা মার্কায় ভোট চান এবং তিনি নৌকার মনোনয়ন পেলে চুয়াডাঙ্গা জেলা বাসীর উন্নয়নের জন্য কাজ করবেন ও শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার জন্যও কাজ করবেন বলে জানান তিনি।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

দর্শনার মদনায় প্রবীন সামাজিক কেন্দ্র সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ফ্রি চিকিৎসা প্রদান

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের প্রবীন সামাজিক কেন্দ্রে ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে চর্ম ও যৌন রোগের ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১০টায় এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা সদর হাসপাতালের সিভিল সার্জন মোঃ সাজ্জাদ হাসান। বাংলাদেশ স্পালাইজড হাসপাতাল ঢাকা থেকে আগত ডাঃ মোঃ ফারুক হোসেন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ১৫২ জন চর্ম ও যৌন রোগিকে চিকিৎসা প্রদান করেন।

এ মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতার্ ডাঃ হেলেনা আক্তার নীপা, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা

আজিমুদ্দিন, সহ-সভাপতি ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুনতাজ আলী, সাধারণ সম্পাদক হারুন অর রশিদ, লোকমোর্চার সচিব কানিজ সুলতানা। সার্বিক সহযোগিতায় ছিলেন,তরিকুল ইসলাম, লাল্টু রহমান, সাইফুল ইসলাম, মিলি ও জগৎনাথ।

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা

আলমডাঙ্গার জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সকাল সাড়ে ১০ টার দিকে জেহালা ফুটবল মাঠে এ কর্মি সভার আয়োজন করা হয়। কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন জোয়ার্দ্দার ছেলুন বলেন,আওয়ামীলীগের সরকার ক্ষমতায় আসলে উন্নয়ন হয়,আর বিএনপি,জামাত ক্ষমতায় আসলে সন্ত্রাস বাড়ে,তারা যদি আবারও ক্ষমতায় আসে তাহলে আজ ১৫ বছর ধরে আপনারা শান্তিতে ঘুমাচ্ছিলেন সেই ঘুম হারাম হয়ে যাবে,সন্তাস বাড়বে,চান্দা দিতে দিতে জান ক্ষারাপ হয়ে যাবে। শেখ হাসিনা বলেছিল প্রত্যেকটি গ্রামকে শহর করব,করেছে,যদি রাস্তাঘাটের উন্নয়ন এবং ইলেট্রিসিটি থাকে তাহলে তাকে কি শহর বলবেন না।আজকে জেহালা ইউনিয়নের এমন কোন রাস্তা নেই যে রাস্তায় কাজ হয়নি,মনে করে দেখেন তো আজ থেকে ১৫ বছর আগে ঐ গড়গড়ি থেকে অন্য কোন গ্রামে যেতে গেলে কি অবস্থা হতো,এখন সেই রাস্তাগুলো দেখেন,সব পিচকরন রাস্তা হয়ে গেছে,।

এক সময় এখানকার সব রাস্তায় কাঁচা ছিল আজ সবই পাকা হয়েছে।আমি তো বল্লাম আওয়ামী লীগ ক্ষমতায় আসলে মানুষের উন্নয়ন হয়, রাস্তা পাকা হয়।পাশে যে স্কুল দেখছেন স্কুলের বিল্ডিং করে দেওয়া হয়েছে,বালিকা বিদ্যালয়ে বিল্ডিং করে দেওয়া সহ ইউনিয়নের স্কুল গুলোতে বিল্ডিং হয়েছে। বিএনপি-জামায়াতের সময় সন্ত্রাস ছিল, আওয়ামীলীগ ক্ষমতায়

জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাসানুজ্জামান হান্নানের সভাপতিত্বে কর্মি সভায় বিশেষ অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সহসভাপতি খুস্তার জামিল, জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দার টোটন, সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম, শওকত মিয়া, জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,চুয়াডাঙ্গা সদর পৌর আওয়ামীলীগের,সম্পাদক, আব্দুল কাদের, উপজেলা আওয়ামীলীগের সাবেক সহসভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা,হামিদুল ইসলাম, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,উপজেলা ভাইচ চেয়ারম্যান সালমুন আহমেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সাবেক সাংগঠনিক সম্পাদক আলম হোসেন,আতিয়ার রহমান, মাসুদ রানা তুহিন, জেলা পরিষদের সদস্য মাসুম,মজনুর রহমান,ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম,বীর মুক্তিযোদ্ধা উম্বাদ আলী,রেফাউল ইসলাম।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হান্নান মাষ্টারের উপস্থাপনায় আরোও উপস্থিত ছিলেন নাগদাহ ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দার, নাগদাহ ইউনিয়নের নজরুল ইসলাম সোনা জোযার্দার, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, বীর মুক্নুতিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, ছাত্রলীগ নেতা গোলাম ছরোয়ার শামিম, বাদসা,রকি প্রমুখ।

আলমডাঙ্গা আওয়ামীলীগের কর্মি সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামায়াতের নির্বাচন বানচালের অপচেষ্টা রুখে দিতে ও মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়ন মূলক কাজগুলো গণ মানুষের মাঝে তুল ধরতে আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগ, কৃষকলীগ ও সহযোগি সংগঠনের আয়োজনে আলমডাঙ্গায় কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার বেলা সাড়ে ১১ টায় আলমডাঙ্গা টকিজ সিনেমা হলে এ কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়।

কর্মি সমাবেশে প্রধান অতিথির হিসিবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন

পারভেজ রাজু, বেলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি রেজাউল হক, সাইদ মেম্বার প্রমুখ।